

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩০

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কাতারের পিছনে একা দাঁড়িয়ে সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ خَلْفَ الصَّفِّ وَحْدَهُ

আরবী

حَدَّتَنَا هَنَّادٌ، حَدَّتَنَا أَبُو الْأَحْوَصِ، عَنْ حُصَيْنِ، عَنْ هِلاَلِ بْنِ يِسَافٍ، قَالَ أَخَذَ زِيَادُ بْنُ أَبِي الْجَعْدِ بِيَدِي وَنَحْنُ بِالرَّقَّةِ فَقَامَ بِي عَلَى شَيْخ يُقَالُ لَهُ وَابِصَةُ بْنُ مَعْبَدِ مِنْ بَنِي أُسَدِ فَقَالَ زِيَادٌ حَدَّثَنِي هَذَا الشَّيْخُ أَنَّ رَجُلاً صَلَّى خَلْفَ الصَّفِّ وَحْدَهُ وَالشَّيْخُ يَسْمَعُ فَأَمَرَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ يُعِيدَ الصَّلاَةَ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عَلِيّ بْن شَيْبَانَ وَابْن عَبَّاس . قَالَ أَبُو عِيسَى وَحَديثُ وَابِصنَةَ حَديثٌ حَسَنٌ . وَقَدْ كَرهَ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْمِ أَنْ يُصِلِّيَ الرَّجُلُ خَلْفَ الصَّفِّ وَحْدَهُ وَقَالُوا يُعِيدُ إِذَا صِلَّى خَلْفَ الصَّفِّ وَحْدَهُ . وَبِهِ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ . وَقَدْ قَالَ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْمِ يُجْزِئُّهُ إِذَا صَلَّى خَلْفَ الصَّفِّ وَحْدَهُ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيّ . وَقَدْ ذَهَبَ قَوْمٌ مِنْ أَهْلِ الْكُوفَةِ إِلَى حَدِيثِ وَابِصَةَ بْنِ مَعْبَدِ أَيْضًا قَالُوا مَنْ صَلَّى خَلْفَ الصَّفِّ وَحْدَهُ يُعِيدُ . مِنْهُمْ حَمَّادُ بْنُ أَبِي سُلَيْمَانَ وَابْنُ أَبِي لَيْلَى وَوَكِيعٌ . وَرَوَى حَدِيثَ حُصَيْنٍ عَنْ هِلاَلِ بْن يسَافِ غَيْرُ وَاحِدِ مِثْلَ روَايَةِ أَبِي الأَحْوَصِ عَنْ زِيَاد بْن أَبِي الْجَعْد عَنْ وَابِصَةَ بْن مَعْبَدِ . وَفِي حَدِيثِ حُصَيْنِ مَا يَدُلُّ عَلَى أَنَّ هِلاَلاً قَدْ أَدْرَكَ وَابِصَةَ وَاخْتَلَفَ أَهْلُ الْحَدِيثِ فِي هَذَا فَقَالَ بَعْضُهُمْ حَدِيثُ عَمْرِو بْن مُرَّةَ عَنْ هِلاَلِ بْن يسَافِ عَنْ عَمْرِو بْن رَاشِدِ عَنْ وَابِصَةَ بْن مَعْبَدِ أَصِبَحُ . وَقَالَ بَعْضُهُمْ حَدِيثُ حُصِيْن عَنْ هِلاَل بْن يسَاف عَنْ زِيَادِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ وَابِصَةَ بْنِ مَعْبَدِ أَصِبَ ۗ . قَالَ أَبُو عِيسَى وَهَذَا عِنْدِي أَصبَ ۗ مِنْ حَدِيثِ عَمْرِو بْنِ مُرَّةَ لأَنَّهُ قَدْ رُوِيَ مِنْ غَيْرِ حَدِيثِ هِلاَلِ بْنِ يِسَافٍ عَنْ زِيَادِ بْنِ أَبِي الْجَعْد عَنْ وَابِصَةَ .

বাংলা



২৩০. হান্নাদ (রহঃ) হিলাল ইবনু ইয়াসাফ (রহঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন আমরা একবার রাককা নগরীতে ছিলাম। মুহাদ্দিছ যিয়াদ ইবনু ইবল জা'দ আমার হাত ধরে বনূ আসা'দ গোত্রের ওয়াবিসা ইবনু মাবাদ নামক জনৈক বৃদ্ধ শায়খের নিকট নিয়ে গেলেন এবং তাঁকে শুনিয়ে আমাকে বললেন এই শায়খ আমার নিকট বর্ণনা করেছেন যে, জনৈক ব্যাক্তি একবার কাতারের পিছনে একা দাঁড়িয়ে সালাত আদায় করেছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন তাঁকে সালাত পূনরায় আদায় করতে নির্দেশ দিয়েছিলেন। - ইবনু মাজাহ ১০০৪, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী ইবনু শায়বান এবং ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ স্কিসা তিরমিয়া (রহঃ) বলেনঃ ওয়াবিসা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদিসটি হাসান। আলিমগণের একদল কাতারের পিছনে একা দাঁড়িয়ে সালাত আদায় করা অপছন্দীয় বলে অভিমত ব্যক্ত করেছেন। তাঁরা বলেন কাতারের পিছনে এক দাঁড়িয়ে সালাত আদায় করা অপছন্দীয় বলে অভিমত ব্যক্ত করেছেন। তাঁরা বলেন কাতারের পিছনে একা দাঁড়িয়ে সালাত আদায় করলে তা পুনরায় আদায় করতে হবে।

ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) এর অভিমত এ-ই। আলিমগনের অপর একদল বলেন কাতারের পিছনে এক দাঁড়িয়ে সালাত আদায় করলে তা হয়ে যাবে। এ হল ইমাম সুফইয়ান ছাওরী (ইমাম আবূ হানীফা), ইবনু মুবারাক ও শাফিন্ট (রহঃ) এর অভিমত। হাম্মাদ ইবনু আবী সুলায়মান, ইবনু আবী লায়লা এবং ওয়াকী এর মত কৃফাবাসী একদল আলিমও ওয়াবিসা ইবনু মাবাদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি মার্মনুসারে মত পোষণ করে থাকেন। তাঁরা বলেন, কাতারের পিছনে একা দাঁড়িয়ে সালাত আদায় করলে তা পুনরায় আদায় করতে হবে। আবূল আহওয়াস যিয়াদ ইবনু আবিল জা'দ ওয়াবিসা রাদিয়াল্লাহু আনহু এর মত আরও একাধিক সূত্রে হুসায়ন হিলাল ইবনু ইয়াসাফ এর উক্ত রিওয়ায়াতটি বর্ণিত আছে। হুসায়ন বর্ণিত রিওয়ায়াতটি দ্বারা বুঝা যায় হিলাল (রহঃ) ওয়াবিসা (রাঃ) এর সাক্ষাৎ পেয়েছিলেন।

এই হাদিসটির সনদের বিষয়ে হাদিসবেত্তাগণের মাঝে মতবিরোধ রয়েছে। তাঁদের কেউ কেউ বলেন, আমর ইবনু মুররা হিলাল ইবনু ইয়াসাফ আমর ইবনু রাশিদ ওয়াবিসা (রাঃ) সনদটি অধিকতর সহীহ। অপর একদল বলেন, হুসায়ন হিলাল ইবনু ইয়াসাফ যিয়াদ ইবনু আবিল জাদ ওয়াবিসা (রাঃ) সনদটি অধিকতর সহীহ। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আমর ইবনু মুররা বর্ণিত রিওয়ায়াতটির তুলনায় আমার মতে এই সনদটই অধিকতর সহীহ। কেননা আমর ইবনু মুররা হিলাল ইবনু ইয়াসাফ এর বরাত ছাড়াও যিয়াদ ইবনু ইবল জাদ (আমর ইবনু রাশিদের স্থলে) ওয়াবিসা ইবনু মাবাদ রাদিয়াল্লাহু আনহু সূত্রের উল্লেখ করেছেন।

English

Hilal bin Yasar said:

"Ziyad bin Abi Al-Ja'd took me by the hand while we were in Ar Raqqah, he made me stand before a Shaikh who was called Wabisah bin Ma'bad, from Bani Asad. Ziyad said: 'This Shaikh narrated to me that a prayed alone behind the row' - and the Shaikh was listening - 'so Allah's Messenger



ordered him to repeat the Salat.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হিলাল ইবনু ইয়াসাফ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন